কুলপ্রদীপঃ ॥

অর্থাৎ দক্ষিণরাঢ়স্থ কায়স্থ নবকুলবিশিষ্টাহানপ্রধা
নাংশ ি য়াদি নানাআংশিক ঘটক কুলীন সজ্জন
সমত ৺ মহারাজা রাজকৃষ্ণবাহাদুর
বিরচিত শোভাবাজারস্থযন্ত্রে তৎ
পুত্রেণ রাজ শ্রীকালীকৃষ্ণ
বাহাদুরেণ প্রকাশিতঃ।
শকাব্দাঃ ·৭৬৪

THE

KULA-PRUDEEP

OR

The acco nts of Kuleens,

belongin

T THE KAYSTHA

Co· ·d by the late

MAHA-RAJA I J-KRISHNA BAHADUR,

and published his son

KALEE-K SHNA BAHADUR.

ROM THE SO. BA BAZAR PRESS.

[illegible]

শ্রীশ্রীকুলদেবতায়ৈনমঃ

কুলপ্রদীপ গ্রন্থঃ ।।

কুলদেবনারায়ণঃ কুললক্ষ্মী প্রতিমনঃ
তাঁরপদে লক্ষ নমস্কার।
নবকুল সৃষ্টি যার ঃ বংশজ মৌলিক আর ঃ
কুলপ্রদীপ পুস্তকে বিচার ।। ১ ।।
কুললক্ষ্মী মূলাধার ঃ আদ্যা [illegible] কৃত যার ঃ
নারায়ণী ত্রিগুণ রূপিণী।
সৃষ্টিস্থিতি নাশ পরে ঃ সত্বরজ তম ভরে ঃ
কর্ত্তা কর্ম্ম ক্রিয়া বিচারিণী ।। ২ ।।
লক্ষ্মীহীন যেইজন ঃ তার কোথা কুলধন ঃ
অলক্ষ্মীক বলে সর্ব্বদেশে।
অপমান সুসম্মানে ঃ হয় তার সর্ব্বস্থানে ঃ
[illegible] অন্ধচারী অশেষ বিশেষে ।। ৩ ।।

ধন্য ধন্য লক্ষ্মীবন্ত ঃ দানে মানে তার অন্ত ঃ
কোন জন প্রাপ্ত কিম্বা পায় ।
সুমিষ্ট সুভাষা তার ঃ ইষ্ট নিষ্ঠা শিষ্টাচার ঃ
নবগুণে আশা তার ধায় ॥ ৪ ॥
গোত্রপোষ্টা গোষ্ঠিপতি ঃ ঋদ্ধি বৃদ্ধি শুদ্ধমতি
কুলাশ্রয় কুলীন সম্মান ।
করে সুদ্ধ মনে সেই ...
একথায় ...হি কি...
রাজরাজেশ্বর হয় ঃ ধ...
গরিষ্ঠ বিশিষ্ট ...
যশে যশোযুক্ত হয়্যা ঃ ঘটক কুলীন লয়্যা ঃ
...মোদ বহুতর ॥ ৬ ॥

মুখ্য কুলীনস্য অ...ঃ ।

প্রথমতো মুখ্যকুল করিয় ... কুলের গুন বিবরণ ॥ সমজনে সমক... এই কথা উভ য়ের অধিক সম্মান ... তো ...ত প্র দান । অল্প নিন্দা হ... ...ণ ॥ দো...দান জন্মকালেতে বিধানত ...য়ে দান অল্প ...নন্দ যুত ... তেছেই দান ছভায়াতে ...মত । চৌছেই মধ্য ...শ দ বিচার সঙ্গত ॥ তৃতীয় সুতের মধ্য আর বার ভায়া । চৌ ছেই দান উক্ত বিধি হয় অংশ ছায়া ॥ পঞ্চছেই জন্মতে

ওজেতে দিবা দান । তৃতীয় দ্বিতীয় পুত্রে নিন্দা অনুমান ॥ তৃতীয় দ্বিতীয় পুত্রে দিলে পাঁচছেই । ইহাতে অধিক নিন্দা বিচারেতে এই ॥ পঞ্চছেই পরে হয় সুজগর ছেই । জন্ম আর বাড়ি দান চলিত কর্ম্ম এই ॥ জন্মমুখ্যে দান দিলে খ্যাতকেতে গুণ । বাড়িমুখ্যে দান কল্লে তার অল্প ন্যূন ॥ আদ্যছেই কাছে গরছেই অর্দ্ধ অঙ্গ । তথাপি গ্রহণে নাহি হয় কুলভঙ্গ ॥ পরে গরছেই হয় ব্যবস্থানে স্থির । মধ্যাংশ দ্বিতীয় পুত্রে দানেতে সুধীর ॥ কিম্বা তেওজ দ্বিতীয় পুত্রে কন্যাদান । বংশজে মৌলিকে পারে অংশেতে প্রমাণ ॥ দানেতে প্রবল যেই বাড়িমুখ্য হয় । গরছেই গ্রহণে তার তপ্রছেই লয় ॥ দানহীন বাড়িমুখ্যে আপছেই দান । জন্মমুখ্য গরছেয়ে গেলে উখড়খান ॥ দানদিয়ে বাড়িমুখ্যে গরছেয়ে কুল ॥ দানহীন উখড় খায় বাড়ির খায় মূল ॥ বাড়ি হতে জন্মকুল অতিবলবান । বলির কাছে দুর্ব্বলির কোথায় সম্মান ॥

গ্রহণসং

জন্মমুখ্যের আপছেই [illegible] গ্রহণাংশে বাড়াইলে নিন্দায় গণন [illegible] দোওজ [illegible] অকস্মিকে [illegible] বিচার । সজ্জিত কর্ম্ম এই ন [illegible] অংশের আকা[illegible] গ্রহণ মধ্য শ্রেষ্ঠ সজ্জ কর্ম্ম ॥ তৃতীয় পু[illegible] অংশ সর্ব্ব ॥ জন্ম তেওজেতে [illegible] চতুর্থ গ্রহ[illegible] বাড়িতেওজে অভাবেতে নিন্দায় গণন ॥ এই সব কর্ম্ম হয় নবরঙ্গ সার । এইকর্ম্ম মুখ্য কুল গৌরভ প্রচার ॥ নবরঙ্গী খ্যাত হয় যশে যশোন্বিত ।

ঘটকেতে গুণগায় সর্ব্বত্র বিদিত ॥ দোছেই ভঙ্গ করণেতে জাতি
নিন্দা হয়। অপমান সর্ব্ব স্থানে ঘটকেতে কয় ॥ তেছেই চৌছেই
পাঁচছেই যেই ভঙ্গ। ইহাতেই অপযশ হয় ছিঃ অঙ্গ ॥ মানহীন
হয় তার নহে নবরঙ্গ । ঘটকেতে নিন্দারূপে করয়ে প্রসঙ্গ ॥
চারি দান চারিগ্রহণ হয় যে জনার । চত্তরঙ্গ কুল তার করিয়া
বিচার ॥ জন্মমুখ্য গ্রহণাংশে বাড়ায় কাহারে । পুনঃগ্রহণ
জন্মে করে উখড় দিতে পারে ॥ দান গ্রহণেতে বাড়িমুখ্য
উখড় খায় । পুনর্ব্বার জন্মস্পর্শে কুলরক্ষা পায় ॥ অথ বাড়ি
বাড়িঅঙ্গ শুন বিধানত। পূর্ব্ব নব্য রীতিনীতি হয় কুলগত ॥
প্রকৃত দ্বিতীয় পুত্র সহজ বিচারে । জন্ম সহজ বাড়া
হইলে নিন্দাকরি তারে ॥ প্রকৃত তৃতীয় পুত্র বাড়ি সহজ
হয় । পূর্ব্ব নব্যমত এই বিচারে নিশ্চয় ॥ দান গ্রহণেতে যেই
কোমলস্পর্শ করে । সে হয় কোমল প্রকৃত সহজ ঘরে ॥
সহজের দ্বিতীয় পুত্র বাড়ি সহজ হয় । তৃতীয় পুত্র সহজ হয়
পূর্ব্বরীতি নয় ॥ কোমল দ্বিতীয় পুত্র বাড়িকোমল হয় ।
তৃতীয় পুত্র বাড়ি শক্তি পূর্ব্ব রীতি নয় ॥ মুখ্যের প্রথম পুত্র
পিতৃভাবাপন্ন। মুখ্যের ঘরেতে সেই হয় মান্য ধন্য ॥ মুখ্যের
দ্বিতীয় পুত্র স্বভাবে কনিষ্ঠ । তৃতীয় জনম ভাবে মধ্যাংশ
প্রবিষ্ট ॥ মুখ্যের চত্তুর্থ পুত্র জন্ম তেওজ হয় । বিচার-সঙ্গত
এই জানিবে নিশ্চয় ॥ পঞ্চ ষষ্ঠ পুত্রআদি মুখ্যের সন্তান ।
মধ্যাংশ দ্বিতীয় পুত্র ভাবেতে সম্মান ॥ পূর্ব্ব নব্যমত এই
বিচার সম্মত । ঘটক আচার্য্য এই হয় অভিমত ॥ দ্বিতীয়
তৃতীয় পুত্র বাড়ি মুখ্য হয় । নাবাড়িলে জন্মভাবে থাকয়ে
নিশ্চয় ॥ চত্তুর্থ পঞ্চম পুত্র কনিষ্ঠ হতেপারে । পূর্ব্ব নব্যমত

এই অংশের বিচারে ॥ মধ্যাংশ হইতে পারে বাড়িরূপে স্থির। তেওজ হইতে পারে বিচারে সুধীর ॥ সপ্তম পুত্রাদি যত মুখ্যের তনয়। মধ্যাংশ দ্বিতীয় পুত্র ভাবে স্থির রয় ॥ ষষ্ঠ সপ্তমেতে দান মধ্যাংশ বাড়িয়া। পূর্ব্বমতে তেওজ হয় অংশ বিচারিয়া ॥ নব্য রীতি এই রীতি বিপরীতি জানি। ডাক পাকে খাতকেতে সিদ্ধ হয় মানি ॥ কুলের আকার নাই চালাইলে চলে। খাতকেতে সিদ্ধ পায় নিজ দানবলে ॥ সজুত পশ্চাৎ কুল অভিনব হয়। বিচারি প্রসিদ্ধ দোষ ঘটকেতে কয় ॥ আগছেই দোছেই পূর্ব্ব ছিল সংযোগ। গরছেই যোগ তার সজুত পরে ভোগ ॥ দোছেইতে জন্ম মুখ্য করয়ে গ্রহণ। একিরীতি বিপরীতি করিতে বর্ণন ॥ তেছেই ভঙ্গ গরছেইতাতে করে কুল। একিদায় হায়২ বিচারিয়া স্থূল ॥ সর্ব্ব কুলের মুখ্য কুলরাজ বাচ্য হয়। যখন যাহা চালায় চলে ঘটকেতে কয় ॥ প্রকৃতে প্রকৃত কুল অংশতে অংশজ। এইমত বিচারেতে সহজে সহজ ॥ কোমলে কোমলে কর্ম্ম হয় সম ভাব। কুলপ্রদীপ পুস্তকেতে করিয়া প্রস্তাব ॥ প্রকৃত সহজ কোমল দঅঙ্গে বাড়ায়। একি রীতি বিপরীতি কুলেতে দেখায় ॥ প্রকৃত সহজ কোমলেতে একাকার। এইরীতি বিপরীতি কি করি বিচার ॥ অতঃপরে মুখ্য কুলের অংশ-সাঙ্গ হয়। কুলপ্রদীপ পুস্তকেতে বিচারনিশ্চয়।

কনিষ্ঠস্য অংশঃ ॥

কনিষ্ঠ কনিষ্ঠের পুত্র পৌত্র লিখন। তিনপুরুষ বাড়িশক্তি

কুলে সুশোভন ॥ জন্ম কুনিষ্ঠির দান জন্ম কনিষ্ঠেতে। একর্ম্মে গৌরব অতি হয় বিচারেতে ॥ কিম্বা হুভায়াতে দান সজ্জকর্ম্ম হয়। পূর্ব্ব নব্য মত এই বিচারে নিশ্চয় ॥ মুখ্যের তৃতীয় পুত্রে যদি দেয় দান। কনিষ্ঠির একর্ম্মেতে নাহয় সম্মান ॥ কিবা মধ্য শ্রেষ্ঠে সম্প্রদান যদি হয়। অল্পনিন্দা আছে ইথে কুল নষ্ট নয় ॥ বারভায়া মধ্যাংশেতে যদি দান হয়। সৌরভ গৌরব নাহি অংশেতে নিশ্চয় ॥ চতুর্থ পঞ্চমপুত্রে আকৃতির দান। তাহারা বাড়ি মধ্যাংশ ইহাতে বিধান ॥ কিন্তু কুনিষ্ঠির ইথে না হয় গৌরব। বাড়াইলে নিন্দা অংশে কোথায় সৌরভ ॥ নব্য রীতি ষষ্ঠপুত্রে আকৃতি প্রদান। কনিষ্ঠির দোষ অংশ অংশের প্রমাণ ॥ পূর্ব্বরীতি তেওজ হয় ইদানন্ত আর। মধ্যাংশ হয় সমাজে ডাকমাত্র সার ॥ প্রতি স্মারণ কনিষ্ঠি দ্বিতীয়া কন্যা হয়। তেওজ প্রতি দান দিলে সজ্জতে গণয় ॥ মধ্যাংশ দ্বিতীয়পুত্র ভাবে যত জন। প্রতিদানে একুলেতে গৌণেতে লিখন ॥ মুখ্যের দোওজ কর্ম্ম জঘন্য প্রদান। কনিষ্ঠির সজ্জ কর্ম্ম অতি সুসম্মান ॥ আকৃতির পাত্র যদি জঘন্য করয়। নিন্দা অংশ ন্যূন তার কুলে দোষী নয় ॥

গ্রহণস্য নিয়মঃ ॥

অতঃপর কনিষ্ঠির লিখি গ্রহণ কর্ম্ম। জন্ম পশ্চাৎ মুখ্যকুল দোছেইতে মর্ম্ম ॥ সজ্জায় সজ্জিত কর্ম্ম এই কনিষ্ঠির। ইহাতে সন্দেহো নাস্তি বিচারেতে স্থির ॥ জন্মবাড়ি কনিষ্ঠেতে যদি করে কুল। নিন্দা অংশ অল্প ইথে বিচারেতে স্থূল ॥ জন্মেতে

জন্মেতে যদি পরিবর্ত্ত হয় । মার্জ্জিত ইহার নাম সম পরিচয় ॥ ছভায়াতে দোওজ কর্ম্ম অভাবে মধ্যাংশ । তৃতীয় গ্রহণ তেওর্জ্জ কুলে শুদ্ধ অংশ ॥ কনিষ্ঠে গ্রহণ মূল দানে মান হয় । বাড়ি রূপে এই কুল অংশ পরিচয় ॥ পুপৌত্র ক নিষ্ঠ হয় জন্ম ছয় ভায়া । পুরন্দর সৃষ্টি এই নবরঙ্গ মায়া ॥ কনিষ্ঠির পুত্র যদি নাবাড়িতে পারে । কর্ম্মে ছয়ভায়া বলি অংশেতে তাহারে ॥ জন্ম কর্ম্ম ছয় ভায়ার অংশ এক হয় । দান গ্রহণ উভয়ের তুল্য পরিচয় ॥ ছভায়া ছভায়া দান হয় সজ্জান্বিত । মুখ্যের তৃতীয় পুত্রে হয় ক্রিয়ান্বিত ॥ কিম্বা মধ্য শ্রেষ্ঠ গত আর বার ভায়ায় । দান দিলে দোষ অংশে সেই নাহি পায় ॥ মুখ্যের চতুর্থ পঞ্চ পুত্রে দান দিলে । বাড়ি মধ্য অংশ উভয়েতে বিচারিলে ॥ ছভায়ার অতঃপর লিখি প্রকৃতি দান । মধ্যাংশের দ্বিতীয় পুত্রে ভাবেতে সম্মান ॥ কনিষ্ঠির দোওজে দান জঘন্য সজ্জিত । তৃতীয়া কন্যা ঐ কুলে দানেতে বিহিত ॥

ছভায়ায়াঃ গ্রহণ নিয়মঃ ॥

ছভায়ার গ্রহণ কর্ম্ম এই হয় স্থির । মুখ্যের তেছেই গ্রহণ জন্ম কনিষ্ঠির ॥ মুখ্যের তেছেই যদি নাহি মিলে তারে । জন্মবাড়ি কনিষ্ঠির আকৃতিতে পারে ॥ কনিষ্ঠির জঘন্যতে করিলে গ্রহণ । অল্প নিন্দা হয় তার করিতে বর্ণন ॥ মধ্যাংশ দ্বিতীয় গ্রহণ ছভায়া উচিত । এই কুলে অংশ সাঙ্গ বিচারে বিহিত ॥

মধ্যাংশ কুলস্য অংশঃ ৷৷

মধ্যাংশ কুলের কুল কর্ম্মের বর্ণন । মুখ্যের তৃতীয় পুত্র প্রথমে গণন ৷৷ তৃতীয়ে তৃতীয় দান অকৃতিতে হয় । সজ্জায় সজ্জিত পরস্পর বিনিশ্চয় ৷৷ কিম্বা মধ্য শ্রেষ্ঠে দান আর বার ভায়ায় । ইহাতেও সজ্জ কর্ম্ম অংশেতে দেখায় ৷৷ মুখ্যের চতুর্থ পুত্র জন্ম তেওজে দান । সজ্জায় সজ্জিত কর্ম্ম অংশে তে প্রমাণ ৷৷ কিম্বা তি ওজ কুলে দানের বিচার । সজ্জা ন্বিত এই দান অং ৷৷ মুখ্যের পঞ্চম ষষ্ঠ পুত্রে দিলে দান । রা দানে নিন্দা পান ৷৷ কনিষ্ঠ দ্বিতীয় পু হয় । বাড়ি তেওজ হয় সেই অংশে পরিচয় ৷৷ তৃত, দ্বিতীয় পুত্রে যদি দেয় দান । ন্যুন তেওজ হয় সেই অংশের বিধান ৷৷ বাড়াইতে নিন্দা আছে অংশের বিচার । ইথে কুল নাহি যায় দোষ অল্প যার ৷৷ মধ্যাং শ দ্বিতীয় পুত্রে প্রতিদানে রত । ইহাতে গৌরব আছে বিচার সঙ্গত ৷৷ সজ্জ কর্ম্ম এই নাম বিচারে নিশ্চয় । জঘন্য প্রতি পূনঃপূন ঐ মত হয় ৷৷

মধ্যাংশস্য গ্রহণ নিয়মঃ ৷৷

মুখ্য কুল তেছেইতে গ্রহণে বিধান । সজ্জায় সজ্জিত হয় অধিক সম্মান ৷৷ কিম্বা চৌছেয়ে গ্রহণ যেই জন করে । মার্জ্জি ত কর্ম্ম অল্প নিন্দা তার কুল পুত্রে ৷৷ জন্মবাড়ি কনিষ্ঠির আকৃ তি গ্রহণ । সজ্জকর্ম্ম হয় এই প্রমাণ বচন ৷৷ জন্মবাড়ি কনিষ্ঠির

জঘন্য গ্রহণ । মার্জ্জিত কর্ম্ম নিন্দাংশে করিতে গণন ॥ ছভায়ার আকৃতিতে জঘন্যতে কুল । নিন্দা অংশ বলি ইহা কর্ম্ম হয় স্থূল ॥ তৃতীয় তৃতীয় পুত্রে পরিবর্ত্ত হলে । করিলে মধ্যাংশে দান স্থির সত্ত্ব কুলে ॥ দোওজ গ্রহণ তেওজ কুলে হয় বিধানত । মধ্যাংশ অংশ এই সমীকরণ মত ॥ দানহীন জঘন্যতে যদি করে কুল । একেবারে নাশ পায় নাহি থাকে মূল ॥ দেবীদাসী গঙ্গাদাসী গৌরী ভাস্করী । ভৈরবী বলায়ী চণ্ডী সপ্তমেতে ধরি ॥ শ্রীনাথী হৃদয় আসি বিষ্ণুদাসী আর । শ্রীকরী কন্দর্পবসী দ্বাদশ প্রকার ॥ সদানন্দী জ্ঞান ঘোষী যুবরাজী পরে । রামভদ্রী চাদাই খ্যাতি ভুবন অন্তরে ॥ শোভারামী রামকান্তী অন্যান্য অনেক । বৈদ্যনাথী খেলারামী বলিতে প্রত্যেক ॥ লিখিতে বিস্তর হয় শুন দিয়া মন । বিংশতি প্রকার কুল কণ্টক গণন ॥ অন্য অন্য কুল দোষী জানয়ে ঘটক । এই সব কুল গ্রহণ প্রমাণ পুস্তক ॥ বৈধা বৈধ কুল কর্ম্মে হবে সাবধান । নির্দোষী হইয়া দোষী গ্রহণে প্রমাণ ॥ প্রশংসিত কর্ম্ম সর্ব্বে করিবে উদ্যোগ । মন্দ কর্ম্মে ত্যাগ বিধি কুলের বিভোগ ॥ দোষ হীন হয়্যা দোষী কুলেতে গ্রহণ । খাতক্ বন্দিমতে দোষ ঘটে ততক্ষণ ॥

তেওজ কুলস্য অংশঃ ॥

তেওজ কুলে কুল কর্ম্ম শুন বলি যত । তেওজ তেওজে

দান নহে বিধানতঃ॥ আচার্য্য সন্দেহ তেওজ তেওজেতে কর্ম্ম। ঝিকিমিকি সদা এই হয় দান মর্ম্ম ॥ কনিষ্ঠ দ্বিতীয় পুত্রে আকৃতি প্রদান। সজ্জিত কর্ম্ম হয় এই উভয়ের মান ॥ মধ্যাংশ দ্বিতীয় পুত্রে দানে প্রয়োজন। মার্জ্জিত কর্ম্ম ইহা বলি কুলে সুশোভন ॥ মুখ্য পঞ্চ পুত্র আদি দিলে দানে মান। ছভায়া দ্বিতীয় পুত্র আদ্যাংশ প্রমাণ॥ তেওজ দোওজ পুত্রে বিধি প্রতিদান। সজ্জ কর্ম্ম ইহা কহি উভয়ের মান ॥ জঘন্য দোওজ দান ... বিধি। মুখ্যের পঞ্চম ছেই ... লভ্য নিধি ॥ ... আকৃতি গ্রহণ। সজ্জ কর্ম্ম তেওজ কুল ... নষ্ঠের প্রতি কন্যা গ্রহণ। ... নয়। মধ্যাংশ জ... নিন্দাংশ হয় ॥ মধ্যাংশ দ্বিতীয় পুত্রে দোজ গ্রহণ সার। তেওজ কুলাংশ সাঙ্গ হইল বিচার॥

মুখ্যস্য পঞ্চম পুত্রাদীনামংশঃ॥

মুখ্যের পঞ্চম ষষ্ঠ সপ্তম তনয়। মধ্যাংশ দ্বিতীয় পুত্র ভিন্ন ভাব হয়॥ কনিষ্ঠের দ্বিতীয়াদি পুত্রাদিতে দান। সজ্জান্বিত কর্ম্ম এই অংশের বিধান। ছভায়া দ্বিতীয় আদি পুত্রে দান দিলে। ইহাতে ও সজ্জকর্ম্ম অংশ বিচারিলে॥ মধ্যাংশ দ্বিতীয় পুত্রে যে করে প্রদান। মার্জ্জিত হয়্যা সজ্জ কর্ম্ম অংশে সুসম্মান ॥ ত্রি পুরুষাদি মধ্যাংশ দ্বিতীয় পুত্রে দান। নিন্দিতাং

শ বিচারিতে পুস্তক প্রমাণ ॥ তেওজ দ্বিতীয় পুত্রে দানেতে মার্জ্জিত। বহু নিন্দা নহে ইথে অংশেতে বিদিত॥ প্রতিকন্যা সুদ্ধ মৌলিকেতে উক্ত হয়। কিন্তু সপর্য্যাতে হয় গৌরবাতিশয়॥ জঘন্যকন্যা সম ভাব জনে দান দিলে। অধিক গৌরব আছে অংশ বিচারিলে ॥

গ্রহণস্য নিয়মঃ ॥

কনিষ্ঠির প্রতিকন্যা তেওজ আকৃতি। এমত গ্রহণে মর্জ্জান্বিত সুদ্ধনীতি ॥ কিম্বা তেওজ জঘন্যতে করিবে গ্রহণ। এক ক্ষেতে গুণ আছে করিতে বর্ণন ॥ সম বর্গে সম জনে হলে পরিবর্ত্ত। গৌরব সৌরভ ইথে আছে অংশ তত্ত্ব ॥

কনিষ্ঠস্য দ্বিতীয় পুত্রাদীনামংশঃ ॥

কনিষ্ঠ দ্বিতীয় পুত্র শুন কুল কর্ম্ম। কনিষ্ঠ দ্বিতীয় পুত্রে দানে হয় মর্ম্ম ॥ মধ্যাংশ দ্বিতীয় পুত্রে কিম্বা দিলে দান। ইহা হয় সজ্জ কর্ম্ম অংশেতে বিধান ॥ প্রতি সারণ মৌলিকেতে হয় অতি উক্ত। উভয় সম্মান ইথে উভয় নিযুক্ত ॥ কনিষ্ঠ দ্বিতীয়পুত্রে পুত্রে পরিবর্ত্ত। সজ্জ কর্ম্ম হবে নাম কুল রূপ তত্ত্ব ॥ তেজ পরে গরছেই করিলে গ্রহণ। গৌরব সৌরভ হয় অতি সুশোভন ॥ কনিষ্ঠ দ্বিতীয় পুত্র

তেজ হতে পারে ॥ জঘন্যতে গ্রহণ হইলে স্বভার বিচারে ॥ তেওজ আকৃতি কুল অতি সুশোভন । ছভায়ার প্রতি কন্যা গ্রহণ ভাজন ॥

মধ্যাংশ দ্বিতীয় পুত্রাদীনামংশঃ ॥

মধ্যাংশ দ্বিতীয় পু[illegible] কর্ম্ম যত । প্রচার করিয়া লিখি বিচার সঙ্গত ॥ মধ্যের পঞ্চম পুত্র কনিষ্ঠ তৃতীয় । ছভায়া দ্বিতীয় পুত্র ভাবে গণনীয় ॥ মধ্যশ্রেষ্ঠ দ্বিতীয় তৃতীয় পুত্র যত মধ্যাংশ দ্বিতীয় পুত্রভাবে অ[illegible]ত ॥ দ্বিতীয় জন্ম মধ্যাংশ ভাব পঞ্চ ঘরে । গৌরব সৌরভ মানি হয় পরে পরে ॥ সমজনাকৃতি দানে অংশে কুলবান । সমবর্গে সুসজ্জিতদানেতে বিধান ॥ তেওজ দোওজ পুত্র সজ্জা দান হয় । এই কর্ম্মে উভয়ের বিচারে নিশ্চয় ॥ পুতি কন্যা মৌলিকেতে প্রধান বিধান । স্বপর্য্যাতে উভয়ের অধিক সম্মান ॥ জঘন্যতে সমজন গত হয় শেষে । তেওজ দ্বিতীয় পুত্রে একপ বিশেষে ॥ তেওজ দ্বিতীয় গ্রহণ জঘন্যতে হয় । এই কর্ম্মে সর্ব্বত্রতে যশোযুক্ত কয় ॥

গ্রহণস্য নিয়মঃ ॥

মধ্যাংশ প্রতি কন্যা গ্রহণ কর্ম্ম সার । প্রতিসারণ গ্রহণ

কিম্বা হয় হুভায়ার ॥ কনিষ্ঠির পুতিসারণ সজ্জকর্ম্ম হয় । মুখ্যের গরছেতে কিম্বা গ্রহণ নিশ্চয় ॥ তেওজ আকৃতি হয় জঘন্য গ্রহণ । সজ্জকর্ম্ম উভয়ের করিবে গণন ॥ সমস্থানে গ্রহণ যদি করে যেই জন । সজ্জায় মর্য্যাদান্বিত হয় সুশোভন ॥ তেওজ দ্বিতীয় পুত্রে দোজ গ্রহণ ধরি । বংশজ মৌলিক কিম্বা বিবেচনা করি ॥ পাণি কুল গ্রহণেতে পাণি ঘটে তারে । বর্গ ত্রুটি হয় ত্রুটি সঙ্গত বিচারে ॥ কুল দোষে দান দিলে পাণি নাহি ঘটে । পুত্রগত কায়স্থ কুল সর্ব্বদেশে রটে ॥ এই কুল অংশ সাঙ্গ হইয়া অতঃপর । ঘটক জানিবে মর্ম্ম বিচারে সত্বর ॥

অথ তেওজ দ্বিতীয়স্য অংশঃ ॥

তেওজ দ্বিতীয় পুত্র দান কুল ক্রিয়া । সজ্জান্বিত হয় সেই সম দান দিয়া ॥ কিম্বা বংশজেতে দান সেই দিতে পারে । অতি নিন্দা নাহি তার কুলের বিচারে ॥ পুতিসারণ মৌলিকেতে শুভ কর্ম্ম হয় । জঘন্য দোজ মধ্যাংশ দ্বিতীয় পুত্রে রয় ॥

অথ গ্রহণস্য নিয়মঃ ॥

তেওজের পুতিসারণে গ্রহণ হয় । সজ্জকর্ম্ম উভয়ের জানিহ নিশ্চয় ॥ মধ্যাংশ দ্বিতীয় পুত্রে আকৃতি জঘন্য । গ্রহণ

করিলে তায় সবে বলে ধন্য ॥ যদি মুখ্য গুরুছেই কররে গ্রহণ। গৌরব সৌরভ অতি মুখ্য সন্দর্শন ॥

অথ নবকুলস্যাংশঃ।

মুখ্য আদি [illegible] কুল । অংশ বিচার সাঙ্গ হইল সূক্ষ্ম স্থূল ॥ [illegible] সি কুলেতে বিচার । সহজ কোমল আর্থি [illegible] কোমল মুখ্য আর্থি হয় আর সর্ব্ব কুলে । সূক্ষ্ম [illegible] বলি স্থূলে ॥ পরে পরে আর্থি জেন কুলীন [illegible] কর্ম্ম আছে সর্ব্ব ত্রতে বলে ॥ যোগ ক্রিয়া অ[illegible]বান । যোগে কুল থাকে মাত্র করি অনুমান ॥ [illegible] গ ছিল ইদা নন্ত আর । সজুত পশ্চাৎ যোগ [illegible] সপর্য্যাতে প্রামাণিক দিলে দোষ হয় । সাম্য [illegible] কুলীনের ঘটকে তে কয় ॥ সপর্য্যাতে পুনর্গ্রহণ কাঠি সংজ্ঞা সার । বিপর্য্যাতে দান দিলে পৌত্রীতে বিচার ॥ বিপর্য্যায় কুল হইলে নাহি থাকে কুল । একর্ম্মেতে দোষ অতি নাশ হয় মূল ॥ পিতা মাতা আর ভ্রাতা যে কন্যা বিহীনা । র[illegible] কন্যা নাম তার কুলে [illegible] ক্ষীণা ॥ এমত কন্যা গ্রহণেতে কুলীন সদোষ । থাকে কুল হানি হয়্যা অসন্তোষ ॥ পিতা হয়্যা ত্যজ্য পুত্রে দান করে । পিণ্ড দোষে কুল নাশে সেই কুল পরে ॥ [illegible]র সুতাকে কেহ করিলে গ্রহণ । পিণ্ডদোষে কুলনাশ পুস্ত ক [illegible]খন ॥ সজনা দোষ যাদ্দে ঘটে শুন বিবরণ । পিতৃপক্ষ

সপ্তমীতে গ্রহণ করণ ॥ মাতৃপক্ষ পঞ্চমী সুতা গ্রহণ যা থানি। সজনায় শাস্ত্র উক্ত দোষ তার জানি ॥ কুলীন কুলীনে যদি আদ্যরস করে। সপর্য্যায় কুল হানি অংশের ভিতরে ॥ ক্ষম্য দোষ কুলীনের দুই মত ঘটে। দোষাশ্রিত কর্ম্ম হলে ক্ষম্য দোষ বটে ॥ অনূলজ কায়স্থ সহ ক্রিয়া কর্ম্ম নয়। মান হীন সর্ব্বত্রতে বিচারে নিশ্চয় ॥ ক্ষম্যদোষে কুলীনের কুল নহে নাশ। বংশে নিন্দা কুলীনের সতত প্রকাশ ॥ দরিদ্র কুলীন জনের এই মত কর্ম্ম। কুলপ্রদীপ গ্রন্থমতে নাহি তার শর্ম্ম ॥

অথ বংশজস্য নিয়মঃ ॥

বংশজের কর্ম্ম গুন আছে লিখি যত। বংশজে বংশজে দান হয় বিধানত ॥ মধ্যাংশ দ্বিতীয় পুত্রে দিবে দোজ দান। তেওজ দোওজ পুত্রে হয় সুবিধান ॥ তেওজ দোওজ পুত্রে আকৃতি গ্রহণ। সমানে সমানে কুল অভাবে লিখন ॥ মুখ্যের গরছেই যদি গ্রহণাংশে পান। বংশজের হয় ইথেঅধিক সম্মান ॥ বংশজের কুলকর্ম্ম ত্রিশঙ্কুর স্বর্গ। কোথা আছে পর্য্যা তার কোথা আছে বর্গ ॥

অথ ঘোষ বংশাষ্ট সমাজস্য নামঃ ॥

ঘোষের প্রধান সমাজ আকনা আর বালী। খনিয়া

গঙ্গ আমড়েশ্বর সাঁথরালী ॥ ক্ষত্রাতিয়া সোয়াখালী অষ্ট সমাজ হয়। আকনাতে প্রকৃত সহজ অনুদয় ॥ প্রকৃত সহজ নাহি আকনায় কেহ। কয়েক জন মাত্র সুদ্ধ কোমল দেহ ॥ কনিষ্ঠাদি অষ্ট কুল প্রকাশ অনেক। কালী ভক্ত তেজো যুক্ত আছয়ে প্রত্যেক ॥ আর ছয় সমাজেতে মৌলিকান্ত সব। কুলাভাব হয় তথা কুল মাত্র রব ॥

অথ বসু বংশস্যাষ্ট সমাজঃ ॥

বাগাণ্ডা মাহিনগর সমাজ প্রধান। প্রকৃতাদি মুখ্য কুলে কর্ম্ম সহমান ॥ মাহিনগর বাগাণ্ডাতে সর্ব্ব কাল আছে। বৈষ্ণবের ক্ষয় কোথা বিষ্ণু আগে পাছে ॥ চিত্রপুর দীর্ঘগঙ্গ সালমূলি আর। নিমারকা পঞ্চম গোহরি গ্রাম সার ॥ এ সকল সমাজেতে সর্ব্ব মৌলিকান্ত। কুল ত্যাগী হয়া তারা আছে অতি শান্ত ॥

অথ মিত্র বংশাষ্ট সমাজঃ ॥

মিত্র বংশ অষ্ট সমাজ শুন দিয়া মন। বড়িশা সমাজ হয় প্রধানে গণন ॥ প্রকৃত নির্ম্মল সহজ কোমল বিস্তর। কলভক্ত সবে সেই কুলেতে তৎপর ॥ কনিষ্ঠাদি অষ্ট কুল আছয়ে অনেক। তেজস্বান কুল কর্ম্মে সকলে প্রত্যেক ॥ পরে

টীকা সমাজের শুন বিবরণ । মধ্যাংশ দ্বিতীয় পুত্র আছে কয় জন ॥ আর আর কুল তেথা হয়েছে নির্বংশ । পরে ছয় সমাজের শুন বলি অংশ ॥ দাঁতিয়া চাকল চাঁদড়া অপর বালী । কুমার হটু আর কুপী কুলে সবার কালী ॥ এই ছয় সমাজ বাসী মৌলিকান্ত হয় । মিত্রবংশ ভাক মাত্র দিলাম পরিচয় ॥ ঘোষ বসু মিত্রবংশ হইল সমাপন । কুল প্রদীপ পুস্তকেতে সাঙ্গ বিবরণ ॥

মৌলিকান্ত বিবরণং ॥

মৌলিকান্ত হয় কিসে শুন দিয়া মন । কুল কর্ম্ম নহে যদি মৌলিকে গ্রহণ ॥ সর্ব্ব কুলে এই মত হয় মৌলিকান্ত । কুল ভঙ্গে অপমান এইসে সিদ্ধান্ত ॥ বংশজে গ্রহণ হলে তার এই রূপ । বিচারিয়া নানা মত লিখিনু স্বরূপ ॥ বিপর্য্যায় রণ্ড দোষে পিণ্ড দোষে কুল । শাস্ত্রের বিচারইথে জানিহ নির্মূল ॥ নবকুল আদি যত সাঙ্গ পরিচয় । কুল প্রদীপ পুস্তকেতে লিখিনু নিশ্চয় ॥

মৌলিকস্য সমাজঃ ॥

সমাজাদি মৌলিকের শুন আছে যত । ক্রমে২ লিখি যাহা হয় বিচারত ॥ সিদ্ধ আর সাধ্য মৌলিক দুই প্রকার ।

আদি সূর মহারাজা নিশ্চয় বিচার ।। যে কুলীন [illegible] করে রাজা আদি সূর । পঞ্চম ব্রাহ্মণ কান্যকুব্জ নিজপুর ।। তথা হৈতে আনিয়া করয়ে যজ্ঞশেষ । যশেতে পূর্ণিত করে অঙ্গ বঙ্গ দেশ ।। সেই কালে পঞ্চ বিপ্র সঙ্গে পঞ্চজন । শূদ্রবংশ পঞ্চজন করে আগমন ।। বিপ্রদাস স্বীকার কৈল মকরন্দ ঘোষ । একারণ কুলীন কুলেতে পরিতোষ ।। দশরথ বসু মত ঐ রূপ হয় । কুলীনের অগ্রগণ্য বিচারে নিশ্চয় ।। কালিদাসমিত্রের উভয় মতে মত । রাঢ়দেশে কুলীন বিচারে সঙ্গত ।। গুহা শব্দ সে কালীন হইল উপহাস । একারণ কুলতার সর্ব্ব দেশেনাশ ।। বঙ্গদেশে কুলীন কয় বঙ্গজকায়স্থ । কিন্তু লেখাপড়ানয় সে দেশে প্রশস্ত ।। বালির দত্ত পুরুষোত্তমহয়্যা অতি মত্ত । বিপ্রদাস নাম্নী কার করে নষ্ট তত্ব ।। সর্ব্ব বর্ণ দ্বিজগুরু বেদের লিখন । নামানিয়া নবগুণে হতে অভাজন ।। শীল গেল কুলগেল মৌলিকেতে খ্যাতি । রাজাজ্ঞায় শেষে তার রক্ষা হৈল জাতি ।। গৌড়বাসী সেকালীন মৌলিকাষ্ট ঘর । রাজার আজ্ঞায় তারা মৌলিক প্রখর ।। প্রথমে দেববংশ দত্ত কর পালিত । সেন সিংহ দাস গুহা বিচারে সঙ্গত ।। রাজাজ্ঞায় তাহারাই কুল কর্ম্মে রত । রাঢ় দেশে তেজবান কুলে অনুগত ।। সিদ্ধ মৌ[illegible] ইঘর রাজার আদেশ । সমী করণ রূপে হয় এইত বিশেষ [illegible] [illegible]ের ঘর কষ্ট মৌলিক প্রমাণ । বঙ্গদেশ বাসী তারা করি অনুমান ।। প্রথমে নাগ পাল্ধি আদিত্য আররাণা । রাহা রাহুত পরে সাম [illegible]ঞ্চনানা ।।নন্দী কুণ্ড আর আইচ্ পুস্তক লিখন । ভুতগুত আর কৈত্ত পরেতে নন্দন ।। হোড় ভম আর সোম লিখি পরে

শর্ম্মা । সাই সুই আর ছুই অবশেষে বর্ম্মা ॥ বুদ্ধবংশ বিষ্ণু বং সি আর দাঁ । বিদবংশ বন্দুবংশ কীর্ত্তি আর চাঁ ॥ রক্ষবংশ তু বংশ গুপ্ত আর ভদ্র । ভঞ্জবংশ পাত্রবংশ জর্স আর রুদ্র ॥ সা বংশ সূরবংশ বেহাড়া আর জড় । আজবংশ আর্নববংশ বিন্দু আর নড় ॥ গণবংশ লাহাবংশ আরবংশ আউ । বীরবংশ শীলবংশপাল আর চাউ ॥ চন্দ্রবংশ চন্দনবংশ বর্দ্ধন আরকেশ । ধরবংশ ধরণি রক্ষিত আর মেষ ॥ তেজোবংশ হেঁসবংশ পোয়াড়ি আর আদক । নাথবংশ রানবংশ চিত্রআর কারক ॥ বল্লভ আর রাজসংজ্ঞা বাহাত্তর শেষে । কুলপ্রদীপ পুস্তকেতে সাঙ্গ সর্ব্ব দেশে ॥

দেব বংশস্য চতুর্দ্দশ সমাজঃ ॥

দেববংশ চতুর্দ্দশ সমাজ বর্ণন । কর্ণসেনপুর চিত্র পুরাদি গণন ॥ ভাদুর ভুয়ালি আর বৈরাটী ইন্দ্রাণী । চৌর গ্রাম দেব গ্রাম নীল পুর মানি ॥ কর্ণপুর চাগ্রাম গৌরহউ আর । আঁদুর গরিপা আর চতুর্দ্দশ প্রকার ॥

দত্ত বংশস্য ত্রিংশত সমাজঃ ॥

দত্তবংশ ত্রিংশৎ সমাজ বিবরণ । অগ্রেবালী দ্বিতীয় কল্লেদা গণন ॥ অম্বলহাড়া দীর্ঘগঞ্জ কোদালীগ্রাম আর । পাঁজনোর

বটগ্রাম সপ্তমে বিচার ॥ বরাটী গ্রাম ইছাপুর আর জটাগ্রাম । বিঘাটী নোনা গিহিনী সেনহাটী নাম ॥ চাকন্দগ্রাম আর আ শশৌড়া হয় । বিজুরক মেদে কোনাদারি আটনালয় ॥ রেওড় গ্রাম হাড়গ্রাম দেওড়া গ্রাম আর । চুপঞ্জড়া কেওটা কেজা খোপা পুরসার ॥ সুগন্ধ্যা কোন্নগর কলিঙ্গা গ্রাম হয় । জেজুরগ্রাম শেষে লিখি সাঙ্গপরিচয় ॥

করবংশস্য সমাজঃ ॥

করবংশপঞ্চ সমাজ শুনদিয়া মন । প্রথমেতে পানিহাটি করিয়া গণন ॥ সোমনগর হরিবং আর ডুমরিয়া । বন্দিপুর পঞ্চমেতে লিখি বিচারিয়া ॥

পালিত বংশস্য সমাজঃ ॥

প্রধান পালিত বংশ সমাজ উভয় । কোনা আর বড়র্যা গ্রামদিলাম পরিচয় ॥

সেন বংশস্য সমাজঃ ॥

সেনবংশ তিন সমাজ করিয়া [illegible] দীর্ঘ গঙ্গ সাঁকো কো [illegible] হয় শুসোভন ॥

সিংহ বংশস্য সমাজঃ ॥

সিংহ বংশ অষ্ট সমাজ করিয়া গণন । আনুল্যা আকনা

আর চৌলা পাটনা ॥ বেলুল গ্রাম বর্দ্ধমান মহানদ আর। পাঁজনোর আদি অষ্ট করিয়ে বিচার ॥

দাস বংশস্য সমাজঃ ॥

দাসবংশ সপ্ত সমাজ করিয়া বর্ণন। সাঁখারালি কালীঘাট দ্বিতীয়ে গণন ॥ রাণীহাটী হরিপুর সাটী সাড়া আর। আশশৌড়া মুড়াগাছা সপ্তমে বিচার ॥

গুহাবংশস্য সমাজঃ ॥

গুহা বংশ তিন সমাজ লিখি বিচারত। মহানাদ কুমারহট্ট বড়য়াঁ গ্রাম যত ॥

মৌলিকানামংশঃ ॥

মৌলিকের ক্রিয়া কর্ম্ম শুনবলি যত। যশঃকীর্ত্তি বাড়াইতে জিনি হন রত ॥ প্রথমেতে আদ্য রস কন্যাদানে বিধি। মুখ্য আদি নয়কুল পান তিনি নিধি। পরে দোজ আদ্য বরেদান হয় উক্ত। রীতিমত প্রসিদ্ধ মৌলিক হয় যুক্ত ॥

গ্রহণাংশঃ ॥

কনিষ্ঠাদি অষ্ট কুল প্রতিসারণ গ্রহণ ॥ সপর্য্যাতে উক্ত

[illegible]ন ॥ নব্যরীতি গরছেই উক্ত বিধি হয় । [illegible] অতিশয় ॥ পৌত্রী প্রপৌত্রী আতি প্রপৌত্রী গ্রহণ । নবকুল তিন কর্ম্ম হয় সুশোভন ॥ গোষ্ঠী পতি হয় কিসে শুনদিয়ামন । নবকুল সহ ক্রিয়াকরে যেই জন ॥ কর্ম্ম দ্বারা সকল কুলীন ভোক্তা করে । যশেযশো ন্বিত সেই পৃথিবী ভিতরে ॥ অন্নদানে ঘটক কুলীন করে বাধ্য । সগোত্রের মধ্যে সেই হয়ত আরাধ্য ॥ গোত্রবর্গে প্রতি পালন সদাযেই করে । তারনাম গোষ্ঠীপতি বিচার তৎ পরে ॥ সদাচারী সবিনয়ী আর বিদ্যাবান । কুলেতে প্রতিষ্ঠাসদা তীর্থেতে প্রয়াণ ॥ কুলকর্ম্ম ইষ্ট নিষ্ঠাজাতি বিত্তিরত । দাতাহবে তপস্যায় নিত্য শুদ্ধমত ॥ এইনবগুণে হয় সুদ্ধ সে কুলীন । গোষ্ঠীপতি এইরীতি জানিবে প্রবীণ ॥ মৌলিকের সহ কর্ম্ম মেলকাঠী হয় । গ্রহণ গুণ দানে হানি গোষ্ঠীপতি ক্ষয় ॥

মৌলিকস্য পশ্চাদ্দোষ বিবরণং ॥

মৌলিক পশ্চাদ্দোষে শুন [illegible] বিচারি করিয়া [illegible] জানিবা নিশ্চয় ॥ যে মৌলিক [illegible] করয়ে প্রথম । সেই পাত্রে দান দিলে পশ্চাৎ নি[illegible] । পশ্চাদ্দোষে খাতক হয় মৌলিকে মৌলিক । খাতক হ[illegible]য়া নিন্দা অতি বিচারে সটীক ॥ মাতৃনাম্নী বয় জ্যেষ্ঠা কন্যার গ্রহণ । একর্ম্মে

নি কয়য়ে বর্ণন ।। রণ্ডা কন্যা অঙ্গ হীনা কন্যার গ্রহণ ...চ দোষ অতি শাস্ত্রের লিখন ।। ক্ষম্য কন্যাধন্য স্পর্শে জাতি হয় নাশ । কুলপ্রদীপ পুস্তকেতে করিনু প্রকাশ ।।

সিন্ধুবহ্নি সিন্ধু শশী শাক তিথি ত্রিয়োদশী পূর্ণ শশী পক্ষশশী বার । নভঃ পঞ্চ বিংশদিন পূর্ব্ব নব্য মতাধীন কুল প্রদীপ গ্রন্থ গ্রন্থ সার ।। নবকৃষ্ণ মহীপতি যশেতে পূরিত ক্ষিতি গোষ্ঠীপতি তাহার নন্দন । মহারাজা রাজকৃষ্ণ নবকুলে মহা তৃষ্ণ এই গ্রন্থ করিল রচন ।। কর্ণ স্বর্ণ সমাজেতে হরি দেব বিধিমতে দেব বংশে দেবের সমান । গৌরবে গরিষ্ঠ অতি ইষ্ট পদে নিষ্ঠা মতি গোষ্ঠীপতি মৌলিক প্রধান ।। সেই বংশে মহাতেজা রাজকৃষ্ণ মহারাজা নবকুল করিল বর্ণন । মৌলি কাদি ক্রিয়া যত পূর্ব্ব নব্য নীতিমত কুলপ্রদীপ গ্রন্থ বিবরণ ।। রাজকৃষ্ণ সম শ্রেষ্ঠ ভুবনে নাহিক দৃষ্ট কুল [illegible] মিষ্ট ভাষ । বাড়ুক অতুল ঋদ্ধি পুত্র পৌত্র বংশ বৃদ্ধি ঘটকেন্দু মণি অভিলাষ ।। সুগন্ধ্যা আলয় যার কুলাচার্য্য সুবিচার সার্ব্বভৌম বংশে বংশধর । কুলাচার্য্য আর্য্য ধার্য্য সম্বন্ধ নিব ন্ধ কার্য্য দেববংশ[illegible] নিরন্তর ।। আংশিক আর মহাকবি বুদ্ধতেজস্তুল্য রবি রাজকৃষ্ণ করি নমস্কার । কুলপ্রদীপ [illegible] করি পূর্ব্ব নব্যমত ধরি আংশিক ঘটক সুবিচার ।। কাশীনাথ ঘটক শ্রেষ্ঠ অংশ জ্ঞানে অতিজ্যেষ্ঠ বসুবংশ বাগা শুা নগর । পাঠ শিষ্য আমি তাঁর কুলঅংশে অংশসার [illegible]

াচর ॥ অবোধের হবে বোধ অজ্ঞা
করি কবিতা আমার । সাঙ্গহল অতঃপর নেন
কর গুরুপদে করি নমস্কার ॥

এতেন সমাপ্তঃ ॥